রাজধানীর সিআইডি কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

রাজধানীতে একের পর এক ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসি এলাকায় দুটি ককটেল বিস্ফোরণের কয়েক ঘণ্টার মধ্যেই এবার মালিবাগে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) প্রধান কার্যালয়ের সামনের সড়কে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। তবে এতে কেউ হতাহত হননি।

রোববার (৮ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বীর উত্তম শামসুল আলম সড়কে সিআইডি কার্যালয়ের সামনে এ ঘটনা ঘটে।

বিষয়টি নিশ্চিত করে পল্টন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুল আলম আরিফ গণমাধ্যমকে বলেন, সিআইডি কার্যালয়ের সামনে দুর্বৃত্তরা একটি ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে। এতে কেউ আহত হননি। কারা এ ঘটনার সঙ্গে জড়িত, তা তদন্ত করে দেখা হচ্ছে।

এর আগে একই দিন সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটের দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। ঢাবি ছাত্রদলের ডকুমেন্টেশন প্রদর্শনী কর্মসূচির পেছনে সোহরাওয়ার্দী উদ্যানের বদ্ধ গেটসংলগ্ন এলাকায় একটি এবং উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রসংলগ্ন সড়কে আরেকটি ককটেল বিস্ফোরিত হয়।

এ ঘটনার পাঁচ মিনিট পর সন্ধ্যা ৬টা ৪০ মিনিটের দিকে টিএসসি এলাকায় ককটেল বিস্ফোরণে জড়িত সন্দেহে একজনকে আটক করেন ছাত্রদলের নেতাকর্মীরা। পরে তাকে থানায় নেওয়ার উদ্দেশ্যে রওনা হন তারা।